



স্পন্দন-বি মেধা বৃত্তি পরীক্ষা ২০১১
(ষষ্ঠ শ্রেণী)

মোট প্রশ্ন : ৬০ টি
মোট নম্বর: ৬০০
সময় সীমা: ২:৩০ ঘন্টা

ছাত্র/ছাত্রী-র নাম : _____ রোল নং: _____

বিদ্যালয়-এর নাম: _____

নির্দেশনাঃ প্রশ্নের মান প্রতিটি প্রশ্নের নম্বরের পাশেই দেওয়া আছে। উত্তর সম্পর্কিত সকল লেখা প্রশ্নপত্রের মধ্যেই করতে হবে। প্রতিটি প্রশ্নের উত্তর কিভাবে পেলে তা প্রশ্নের নীচের প্রদত্ত জায়গায় দেখাও। অতিরিক্ত জায়গার প্রয়োজন হলে প্রশ্নপত্রের বিপরীত দিকে লিখ।

১। (নম্বর ১০) নিচের '?' চিহ্নিত স্থান পূরণ কর



২। (নম্বর ১০) নিচের '?' চিহ্নিত স্থান পূরণ কর

3, 8, 13, 18, 23, ?, ?

৩। (নম্বর ১০) মহিউদ্দিন এর 2 ছোট ভাই সালাউদ্দিন এবং আলাউদ্দিন। তাদের তিন জনের বয়সের গড় 30। আবার মহিউদ্দিন এবং আলাউদ্দিন-এর বয়সের গড়-ও 30। মহিউদ্দিন আলাউদ্দিন-এর চাইতে 8 (eight) বছর বড়। তিন ভাইয়ের কার বয়স কত বের কর।

৪। (নম্বর ১০) যোগ কর -

$$10\frac{1}{2} + 4\frac{3}{5} + 2\frac{3}{4} + 4$$

৫। (নম্বর ১০) একটি জিনিস 500 টাকায় বিক্রি করলে 15% ক্ষতি হয়। জিনিসটি 600 টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

৬। (নম্বর ১০) $a=2$ এবং $b=2$ হলে $(a+b)^2$ এবং $(a+b)^3$ -এর মান কত?

৭। (নম্বর ১০) $-(-5+3) + (5-3) -(-6) + (-7)(-3)$ এর মান কত?


৮। (নম্বর ১০) ঘড়িতে এখন সকাল 11:45 বাজে। 2 ঘন্টা 15 মিনিট পরে সময় কত হবে?

৯। (নম্বর ১০) 5টি ঘন্টা প্রথমে একত্রে বেজে পরে যথাক্রমে 6,12,24,30,40 সেকেন্ড পর পর বাজতে লাগল। কতক্ষণ পরে ঘন্টাগুলো আবার একত্রে বাজবে?

১০। (নম্বর ১০) নিচের ভগ্নাংশগুলোকে মানের উর্ধ্বক্রম অনুসারে সাজাও-

$$\frac{1}{2} \quad \frac{3}{5} \quad \frac{7}{10} \quad \frac{33}{50}$$

১১। (নম্বর ১০) নিচের ABC, ADC, AEC, ACB কোনগুলোর মধ্যে কোন কোণটির মান সবচেয়ে ছোট ?



১২। (নম্বর ১০) শান্তার বয়স 54। তার মার বয়স 80 (eighty)। কত বছর আগে শান্তার মার বয়স শান্তার বয়সের তিনগুন ছিল?

১৩। (নম্বর ১০) একটি বাক্সে কিছু মার্বেল আছে। টুম্পা তার $\frac{1}{3}$ নিয়ে চলে গেল। এরপরে সালাম এসে বাকি মার্বেলের $\frac{1}{3}$ নিয়ে চলে গেল। সবশেষে মুনিয়া এসে বাকি মার্বেলের $\frac{1}{3}$ নিয়ে চলে গেল। যদি বাক্সে এখন আট-টি (eight) মার্বেল থাকে তবে শুরুতে কতগুলো মার্বেল ছিল?

১৪। (নম্বর ১০) পাঁচ বন্ধু ভাত খাচ্ছে। ক খ -এর আগে কিন্তু গ-এর পরে খাওয়া শেষ করল। প ফ-এর আগে কিন্তু খ-এর পর খাওয়া শেষ করল। পাঁচ বন্ধু কি ক্রমে খাওয়া শেষ করল তা বের কর।

১৫। (নম্বর ১০) সেবা তার 7 ভাই-এর প্রত্যেকের জন্য একটি করে জামা কিনল। প্রতিটি জামার মূল্য 9.95 টাকা। ভ্যাট হিসাবে তাকে অতিরিক্ত 13.07 টাকা দিতে হল। সেবার হাতে এখন 7.28 টাকা থাকলে শুরুতে তার হাতে কত টাকা ছিল?

১৬। (নম্বর ১০) দবির-এর কাছে কিছু আম আছে সে তার অর্ধেক ছবির-কে দিল। ছবির তার আমগুলো থেকে কবির-কে অর্ধেক দিল। কবির 8 (eight) টি আম তার কাছে রেখে বাকি 10টি মনির-কে দিল। দবির-এর কাছে শুরুতে কতগুলো আম ছিল?

১৭। (নম্বর ১০) 6 মাসের গড় বৃষ্টিপাত 28.5 মিলিমিটার। পরবর্তি 6 মাসের প্রত্যেক মাসে যদি 1 মিলিমিটার করে বৃষ্টি পরে, তবে ৩ বছরের গড় বৃষ্টিপাত কত?

১৮। (নম্বর ১০) মতিন একটি গল্পের বই-এর কোন একখানে খুলে দেখল একটি পাতা হারানো গেছে। বই-এ যে অংশটি সে খুলেছিল তার দুই পাতার নম্বরের যোগফল 127। যে পাতাটি হারানো গেছে তার নম্বর দুটি কি?

১৯। (নম্বর ১০) তুমি যদি জানুয়ারি মাসে 2 টাকা, ফেব্রুয়ারি মাসে 4 টাকা, মার্চ মাসে 6 টাকা এই ভাবে বছরে বাকি মাস গুলোতে সঞ্চয় করতে থাকো, তবে বছর শেষে তোমার সঞ্চয় কত হবে?

২০। (নম্বর ১০) দুইটি সংখ্যার গ.সা.গু 6 আর ল.সা.গু 36। একটি সংখ্যা 12 হলে অন্য সংখ্যাটি কত?

২১। (নম্বর ১০) একটি সিনেমা হলে 1000টি চেয়ার আছে, তার 2/5 অংশ মহিলাদের জন্য আর বাকি অংশ পুরুষদের জন্য সংরক্ষিত। কোন একদিন ঐ হলে 200 জন মহিলা ছিল। সিনেমা হলটি সেইদিন 3/4 অংশ পূর্ণ ছিল। সেইদিন ঐ হলে কত জন পুরুষ ছিল?

২২। (নম্বর ১০) মদিনা 1 থেকে 100 পর্যন্ত সংখ্যা একটি কাগজে লিখল। সে কতবার '2' সংখ্যাটি লিখেছিল?


২৩। (নম্বর ১০) নিচের ছকটিতে 0 থেকে 15 পর্যন্ত সংখ্যা লিখতে হবে এমন ভাবে যেন কোন সংখ্যা একবারের বেশি লেখা না হয় এবং প্রতিটি সারি-র যোগফল, প্রতিটি কলাম-এর যোগফল এবং আড়া-আড়ি-র যোগফল 30 হয়। শূন্যস্থানগুলি পূরণ কর।

15						12
-----+-----+-----+-----						
		10		9		
-----+-----+-----+-----						
						11
-----+-----+-----+-----						
3						0

২৪। (নম্বর ১০) একটি বর্গাকার জমির একধারের মাপ 10 মিটার। যদি প্রতি 2 মিটার অন্তর অন্তর একটি করে খুঁটি পুততে হয়, তবে কতগুলো খুঁটির প্রয়োজন?

২৫। (নম্বর ১০) প্রেমার কাছে একটি বাস্কে কিছু কমলা আছে। প্রেমা 5টি কমলা নিজের জন্য রাখল এবং 3টি কমলা তার বোন প্রিয়-কে দিল। প্রেমার 8 (eight)টি বন্ধু আছে। প্রথম বন্ধু 3টি, পরের বন্ধু 5টি, তার পরের বন্ধু 7টি এইভাবে যখন 8 (eight)নম্বর বন্ধুটি কমলা নিল তখন বাস্কেটিতে আর কোন কমলা থাকলো না। প্রেমার কাছে শুরুতে বাস্কে কতগুলো কমলা ছিল?

২৬। (নম্বর ১০) নিচের পঞ্চভুজটির প্রতিটি বাহুর দৈর্ঘ্য সমান। Side A এবং Side B র শীর্ষবিন্দু থেকে একটি শামুক ঘড়ির কাটার দিকে যাত্রা শুরু করে $13/20$ পথ অতিক্রম করল। শামুক-টি কোন বাহুতে অবস্থান করছে?



২৭। (নম্বর ১০) একটি ফেরি 10টি সাধারণ যাত্রিবাহী গাড়ি বহন করতে পারে অথবা 6টি ট্রাক বহন করতে পারে। ফেরি-টি যখন যাত্রিবাহী গাড়ি পরিবহন করে তখন কখনো ট্রাক পরিবহন করে না। যদি ফেরি-টি সর্বমোট 5 বার যাতায়াত করে এবং সর্বমোট 42টি যাত্রিবাহী গাড়ি এবং ট্রাক পরিবহন করে তবে সে কয়টি যাত্রিবাহী গাড়ি পরিবহন করেছিল?

২৮। (নম্বর ১০) 7টি সংখ্যার গড় 49। যদি প্রথম সংখ্যাটির সাথে 1 যোগ করা হয়, দ্বিতীয় সংখ্যাটির সাথে 2 যোগ করা হয়, তৃতীয় সংখ্যাটির সাথে 3 যোগ করা হয় এবং এইভাবে বাকী সংখ্যাগুলোর সাথে নম্বর যোগ করা হয় তবে নতুন গড় কত হবে?

২৯। (নম্বর ১০) কলার খোসার ওজন সম্পূর্ণ কলাটির ওজনের $1/8$ ($1/eight$) ভাগ। তুমি কেজি প্রতি 10 টাকা করে যদি 3 কেজি কলা কেন তবে খোসার জন্য কত টাকা খরচ করলে?

৩০। (নম্বর ১০) মকবুল একটি নতুন চাকরিতে যোগ দিল যেখানে তার সপ্তাহে 50 ঘন্টা কাজ করতে হবে। মকবুলের অফিস তাকে সপ্তাহে 300 টাকা বা ঘন্টায় 6.50 টাকা দিতে রাজি হল। মকবুল কোন প্রস্তাবে রাজি হবে বলে তুমি মনে কর?

৩১। (নম্বর ১০) 3টি তরমুজ আর 2টি জাম্বুরার ওজন 32 পাউন্ড। 4টি তরমুজ আর 3টি জাম্বুরার ওজন 44 পাউন্ড। তবে 2টি তরমুজ আর 1টি জাম্বুরার ওজন কত। (প্রতিটি তরমুজের ওজন সমান এবং প্রতিটি জাম্বুরার ওজন সমান)

৩২। (নম্বর ১০) যদি তোমার হৃদপিণ্ড মিনিটে 80 (eighty)-বার কম্পন (Beat) করে, তবে 1,000,000 বার কম্পন করতে কত সময় লাগবে?

৩৩। (নম্বর ১০) একটি ভাড়া গাড়ির প্রথম মাইল-এর ভাড়া 1.50 টাকা এবং পরবর্তি প্রতি মাইলের ভাড়া 0.90 টাকা। মতিন সাহেব যদি গাড়ির চালককে 2 টাকা বখশিস দেয় তবে সে 20 টাকায় কত মাইল যেতে পারবে?

৩৪। (নম্বর ১০) যদি একটি বর্গাকার কাগজকে তুমি মধ্যখানে ভাজ কর তবে ভাজ করা কাগজটির পরিসীমা হয় 39 ইঞ্চি। বর্গাকার কাগজটির খেত্রফল কত?

৩৫। (নম্বর ১০) সালাম একটি বহুতল বিশিষ্ট অফিসের লিফটম্যান হিসাবে কাজ করে। সে নীচ তলা থেকে 20 তলায় উঠল এবং তারপর 8 (eight) তলা নেমে আসল এবং আবার 7 তলা উঠল। যদি সে এখন ঐ অফিসটির ঠিক মধ্যতলায় থাকে তবে অফিসটি কত তলা উচু?

৩৬। (নম্বর ১০) একটি স্কুলের শিক্ষকদের বয়সের গড় 35। ছাত্রদের বয়সের গড় 15। ছাত্র এবং শিক্ষক মিলিয়ে বয়সের গড় 20। তবে ঐ স্কুলের ছাত্র-শিক্ষকদের সংখ্যার অনুপাত কত?


৩৭। (নম্বর ১০) একটি একতালা বাড়ির ভিতরে সব কিছুই লাল রং-এর। দেয়াল লাল, মেঝে লাল, ছাদ লাল, ছাদের টিন লাল। ঐ বাড়ির সিড়ির রং কি?

৩৮। (নম্বর ১০) কোনটি ভারী - এক কেজি তুলা নাকি এক কেজি মুড়ি?

৩৯। (নম্বর ১০) কিছু কিছু মাসে ৩১ দিন আছে, কিছু কিছু মাসে ৩০ দিন আছে। বছরের কয়টি মাসে ২৮ দিন আছে?

৪০। (নম্বর ১০) একজন ডাক্তার তোমাকে তিনটি ঔষুধ দিয়ে বললেন প্রতিটি ঔষুধ আধা ঘন্টা পরপর খেতে হবে। তিনটি ঔষুধ খেতে তোমার মোট কত মিনিট লাগবে?


৪১। (নম্বর ১০) নিচের বস্তু দুটি একত্রে জোড়া লাগিয়ে তুমি একটি আয়তাকার বস্তু বানাতে পারবে। নিচের কোনটি সেই আয়তাকার বস্তুটি হতে পারে?




(ক)




(খ)



(গ)



(ঘ)



সাধারণ বিজ্ঞান :

৪২। (নম্বর ১০) বস্তুর ভর অপরিবর্তনীয় কিন্তু ওজন বিভিন্ন স্থানে বিভিন্ন হতে পারে। কেন?

৪৩। (নম্বর ১০) একটি উদ্বায়ী পদার্থের উদাহরণ দাও।

৪৪। (নম্বর ১০) নিচের কোনটি বা কোনগুলো যৌগিক পদার্থ ?

(ক) পানি (খ) অক্সিজেন (গ) কার্বন-ডাই-অক্সাইড (ঘ) নাইট্রোজেন
(ঙ) লোহা (চ) পিতল (ছ) পারদ

৪৫। (নম্বর ১০) নিচের কোনটি উভচর, কোনটি সরীসৃপ, কোনটি অমেরুদণ্ডী আর কোনটি স্তন্যপায়ী প্রাণী?

কেচো, তিমি মাছ, কোলা ব্যাঙ, কুমির

৪৬। (নম্বর ১০) নিচের কোন উক্তিগুলো সঠিক নয় -

- ক। পাতা প্রস্বেদন পদ্ধতিতে মাটি থেকে পানি সংগ্রহ করে
- খ। পাতা শ্বসন প্রক্রিয়ার সময় কার্বন-ডাই-অক্সাইড ত্যাগ করে
- গ। পাতা অনেক সময় গাছের বংশবৃদ্ধিতে সাহায্য করে
- ঘ। পাতা সালোকসংশ্লেষণ পদ্ধতিতে গাছের জন্য খাদ্য তৈরি করে

সাধারণ জ্ঞানঃ

৪৭। (নম্বর ১০) বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতির নাম কি?

৪৮। (নম্বর ১০) পৃথিবীর দীর্ঘতম নদী কোনটি -

৪৯। (নম্বর ১০) বঙবন্ধু সেতু কোন নদীর উপর?

৫০। (নম্বর ১০) বাংলাদেশের জাতীয় ফুল, ফল, পশু এবং পাখির নাম কি ?

৫১। (নম্বর ১০) স্বাধীন বাংলাদেশকে প্রথম কোন দেশ স্বীকৃতি দেয়?

ইংরেজি জ্ঞানঃ

৫২। (নম্বর ১০) ইংরেজি-তে অনুবাদ কর

‘বাংলাদেশ একটি কৃষি-প্রধান দেশ’

৫৩। (নম্বর ১০) বাংলায় অনুবাদ কর -
Bangladesh national cricket team is our pride.

৫৪ (নম্বর ১০) Which of the following animals are not found in Bangladesh

- A. Tiger
- B. Elephant
- C. Rhinoceros
- D. Peacock

৫৫ (নম্বর ১০) Which of the following is not correct

- A. hear, heard
- B. try, tried
- C. think, thought
- D. send, sent

৫৬ (নম্বর ১০) **He is the oldest man in the world.**

- A. He is not as old as my grandmother.
- B. Many men are older.
- C. He's older than some other men.
- D. There are no older men anywhere.

৫৭ (নম্বর ১০) **Amina is looking after the children.**

- A. Amina can see the children.
- B. Amina is taking care of the children.
- C. Amina is looking at the children.
- D. The children are in front of Amina.

৫৮ (নম্বর ১০) **She can hardly see it.**

- A. She sees very hard.
- B. She is hard with it.
- C. She cannot see it very well.
- D. It is hard to see her.

৫৯ (নম্বর ১০) **If Fatima had come, she would have won.**

- A. If she hadn't won, she'd have come.
- B. Fatima didn't win because she didn't come.
- C. When Fatima came, she always won.
- D. She didn't come, but she won anyway.

৬০ (নম্বর ১০) **I'd rather be a millionaire.**

- A. I've been a millionaire.
- B. I'd better be a millionaire.
- C. I'd prefer to be a millionaire.
- D. You have more millions than me.